

31



ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্মাণাধীন একটি ছাত্রাবাস — ইত্তেফাক

ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রথম পর্যায়ের নির্মাণ কাজে অগ্রগতি

শেষের হইতে নিজস্ব প্রতি-
নিধি জানান, শান্তিডাঙ্গা-দলান-
পুরে ইসলামী বিশ্ববিদ্যালয়ের
প্রথম পর্যায়ের নির্মাণ কাজ দ্রুত
আগাইয়া চলিয়াছে। স্থাপত্য
বিভাগ প্রণীত মহাপরিকল্পনা
অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের প্রথম
পর্যায়ের কাজে ব্যয় হইতেছে ১৭
কোটি ৭৮ লক্ষ টাকা।

প্রথম পর্যায়ে উল্লেখযোগ্য
কাজের মধ্যে রহিয়াছে মোট এক
হাজার ৮০ জনের বসবাসোপযোগী
দুইটি ছাত্রাবাস, একটি একাডেমিক

ভবন, প্রশাসনিক ভবন, ২০ জন
শিক্ষক-কর্মকর্তার জন্য বাসস্থান
(৪৬ পৃ: স্র:)

ইসলামী বিশ্ববিদ্যালয়

(৩য় পৃ: পর)

এর একটি বৈদ্যুতিক উপকেন্দ্র
নির্মাণ। ইহার মধ্যে বৈদ্যুতিক
উপকেন্দ্রের নির্মাণ কাজ সম্প্রতি
সম্পন্ন হইয়াছে এবং চলতি জুন
মাসের মধ্যে একটি ছাত্রাবাসের
নির্মাণ কাজ শেষ করা সম্ভব হইবে
বলিয়া কর্তৃপক্ষীয় সূত্রে জানা
গিয়াছে। সরকারের উচ্চ পর্যায়ের
সিদ্ধান্ত অনুযায়ী গণপূর্ত বিভাগ
গত মার্চ মাসে উক্ত বিশ্ববিদ্যালয়
নির্মাণের কাজ হাতে নেয়।

এদিকে গত ১৬ই মে হইতে
কুষ্টিয়ার পিটিআই এবং মেডিকেল
সহকারী প্রশিক্ষণ কেন্দ্রে ইসলামী
বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হইয়াছে।
চলতি শিক্ষাবর্ষে এই বিশ্ববিদ্যা-
লয়ের ছাত্র সংখ্যা দাঁড়াইয়াছে
প্রায় আটশত। কিন্তু বর্তমানে
ছাত্রদের আবাসিক সমস্যা প্রকট
হইয়া দেখা দিয়াছে।

গণপূর্ত বিভাগের তত্ত্বাবধায়ক
প্রকৌশলী নুরুল হুদা জানান,
সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ
মোতাবেক ছাত্রদের আবাসিক
সমস্যা দূরীকরণে একটি ছাত্রা-
বাসের নির্মাণ কাজ সম্প্রতি অগ্রা-
ধিকার ভিত্তিতে সমাপ্ত করার
উদ্যোগ গ্রহণ করা হয়। এ
মাসের মধ্যে উহার নির্মাণ কাজ
শেষ হইলে জুলাই মাসে ছাত্রা-
বাসটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের
নিকট হস্তান্তর করা হইবে।
বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা
জানান, ছাত্রাবাসটি তাহারা বুঝিয়া
পাইলে সেখানে ছাত্রদের সীট
বরাদ্দ দেওয়া হইবে।